


 ভিডিও

 ছবি

 সাক্ষাৎকার

ভর্তি

বুয়েটে ভর্তি পরীক্ষা, বিভাগ নির্বাচন ও প্রবেশপত্র ডাউনলোড শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিতে প্রাক-নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণদের বিভাগ

By using this site, you agree to our Privacy Policy. OK

ওয়েবসাইটের মাধ্যমে এ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। গত ২৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়।

বুয়েটের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তিতে মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে প্রতি শিফট থেকে যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকায় প্রথম থেকে তিন হাজারতম অবস্থানে থাকা শিক্ষার্থীরা মূল পর্বের পরীক্ষার জন্য মনোনীত হয়েছেন। প্রার্থীরা আজ রোববার (৩ মার্চ) থেকে ৮ মার্চ বিকেল ৫টার মধ্যে বুয়েটের ওয়েবসাইটে বিভাগ নির্বাচন (পছন্দমতো) পূরণ করার পর মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

মূল ভর্তি পরীক্ষা কবে

৯ মার্চ ২০২৪, শনিবার, (মডিউল 'A': গ্রুপ 'ক' এবং 'খ' উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন, সকাল ১০টা থেকে দুপুর ১২টা) এবং (মডিউল B: 'খ' গ্রুপ মুক্তহস্ত অঙ্কন (Freehand Drawing) এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি (Visual Spatial Intelligence) বেলা ২টা থেকে বেলা ৩টা ৩০ মিনিট। আর ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ ৩১ মার্চ ২০২৪।

মোট আসনসংখ্যা কত

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসনসংখ্যা ১৩০৯।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.